**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
আইন ও শৃঙ্খলা শাখা
প্রধান কার্যালয়, ৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

১৯শে শ্রাবণ ১৪৩৩
নম্বর: ৫৮.০২.০০০০.০০৬.০৪.০৫০.২৫-২৯৮৫ তারিখ:........................
০৩রা আগস্ট ২০২৬

বিষয়: **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পক্ষে মামলা পরিচালনার জন্য প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগপত্র**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক নিম্নবর্ণিত শর্তাধীনে আপনাকে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

**শর্তাবলী:**

১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আইনজীবী হিসেবে আপনার এই নিয়োগপত্রের প্রেক্ষিতে যোগদানের তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য কার্যকর থাকবে। উভয় পক্ষ হতে এক মাসের পূর্ব নোটিশ প্রদান সাপেক্ষে এ নিয়োগ রহিত/বাতিল করা যাবে।

২) প্যানেলে আইনজীবী হিসেবে নিয়োজিত থাকাকালীন আপনাকে কোন প্রকার বেতন, ভাতা বা সম্মানি দেয়া হবে না।

৩) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে সকল মামলা পরিচালনা অথবা প্রতিদ্বন্দ্বিতা করার জন্য আপনাকে দায়িত্ব প্রদান করা হবে, সে সকল মামলা পরিচালনা এবং আইন সংক্রান্ত অন্যান্য কার্যাবলী সম্পাদনের লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জন্য বেসরকারি প্যানেল আইনজীবীর সরকার নির্ধারিত হারে আইনগত/পেশাগত ফি আপনাকে প্রদান করা হবে।

৪) সরকারি স্বার্থে আপনার পরিচালনাধীন মামলাসমূহের দ্রুত নিস্পত্তির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে আপনি বাধ্য থাকবেন।

৫) কোনো মামলা বিচারাধীন থাকাকালে কিংবা যে কোনো স্তরে/পর্যায়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর আপনার নিকট থেকে যে কোনো মামলা ফেরত নিয়ে অন্য কোনো আইনজীবীর নিকট হস্তান্তর করতে পারবে এবং আপনি উক্ত মামলার কাগজপত্র/দলিলাদি/অনাপত্তিপত্র বিনা কৈফিয়তে হস্তান্তর করতে বাধ্য থাকবেন।

৬) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আইনজীবী দ্বারা পরিচালিত যে কোন মামলা যে কোন পর্যায়ে থাকা অবস্থায় আপনার নিকট হস্তান্তর করলে আপনি তা গ্রহণ করতে বাধ্য থাকবেন।

৭) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্যানেলভুক্ত থাকাকালীন আপনি এ বিভাগের মামলা সংক্রান্ত কোনো বিষয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিপক্ষকে কোনোরূপ মতামত প্রদান কিংবা এ অধিদপ্তরের বিরুদ্ধে কোনো আদালতে মামলা পরিচালনা কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিপক্ষকে সমর্থন করতে পারবেন না।

৮) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সার্বিক তত্ত্বাবধানে থেকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয়ের মামলা ও আইন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের চাহিদা মোতাবেক সম্পাদন করতে হবে। আইনগত দায়িত্ব পালনের ক্ষেত্রে আপনার আন্তরিকতার অভাবে/ভুল-ত্রুটির কারণে কোনোরূপ ক্ষতির সম্মুখীন হলে কর্তৃপক্ষের নিকট আপনাকে জবাবদিহি করতে হবে এবং উদ্ভুত যাবতীয় ক্ষয়-ক্ষতির জন্য আপনি দায়ী থাকবেন।

৯) আপনাকে প্রদত্ত সকল মামলার তারিখ ও হালনাগাদ অবস্থা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে লিখিতভাবে অবহিত করতে হবে। তাছাড়া, আপনার চেম্বার/ বাসার ডাক যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর ইত্যাদি পরিবর্তন হলে অবিলম্বে তা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে লিখিতভাবে অবহিত করতে হবে।

১০) আপনার কোনো ভুল-ভ্রান্তি/অসদাচরণের কারণে সরকারের স্বার্থ ক্ষুন্ন হলে তার দায়-দায়িত্ব আপনার উপর বর্তাবে।

১১) আপনার পরিচালনাধীন সকল মামলার আদালতের ধার্য তারিখের কার্যক্রম একটি রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে।

১২) আপনার নিকট প্রদত্ত সকল মামলার সর্বশেষ অবস্থাসহ হালনাগাদ বিবরণী মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০- এর নিকট প্রতি ০৩(তিন) মাস অন্তর অন্তর দাখিল করতে হবে। এ ছাড়া, কর্তৃপক্ষের প্রয়োজনে যে কোনো সময় লিখিত বা ই-মেইল এর মাধ্যমে উক্তরূপ মামলায় অবস্থা/বিবরণী প্রদান করতে হবে।

১৩) মামলা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম ও হালনাগাদ তথ্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে প্রতিনিয়ত অবহিত করতে হবে (টেলিফোন:+৮৮০২-২২৬৬৬৫১৩০ ও ই-মেইল:lohq@dnc.gov.bd)।

উপরিউক্ত শর্তসমূহে সম্মত থাকলে পত্র প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে উল্লিখিত ১৩টি শর্ত লিপিবদ্ধ করতে হবে এবং সংযুক্ত যোগদানপত্র/সম্মতিপত্র পূরণপূর্বক মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর দাখিল করতে হবে।

| ক্র. নং. | **নাম, পিতার নাম, মাতার নাম ও এনআইডি** | **স্থায়ী ঠিকানা** | **বর্তমান ঠিকানা** | **চেম্বারের ঠিকানা** |
|---|---|---|---|---|
| ১ | জনাব খালেদ বিন শাহরিয়ার আহমদ (কে. বি. শাহরিয়ার আহমদ)<br>পিতার নাম: মরহুম শামসুদ্দীন আহমদ<br>মাতার নাম: মরহুম খালেদা আহমদ<br>এনআইডি: ১৯৪৭৯১০৮৯ | 'জয়হার লজ', বাসা নং-৬২২, শিরোইল, ঘোড়ামারা, থানা: বোয়ালিয়া, জেলা: রাজশাহী-৬১০০ | ফ্ল্যাট নং-কে-১ 'এক্সেলসিয়া টাওয়ার' ৬/২ সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০<br>মোবাইল নম্বর: ০১৭১১৩২৭৪১৮ | স্যুট নং-৪০১ (৪র্থ তলা), ১৯৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি (সেন্ট্রাল 'ল' কলেজ ভবন), ৬ বিজয়নগর, রমনা, ঢাকা-১০০০ |
| ২ | জনাব মোঃ মাহফুজুর রহমান (মিলন)<br>পিতার নাম: মোঃ মনসুর রহমান<br>মাতার নাম: মাহবুবা রহমান<br>এনআইডি: ৩৭৪২৫৪০৩৪১ | গ্রাম: মহিষালবাড়ী ডাকঘর: মহিষালবাড়ী-৬২৯০ থানা: গোদাগাড়ি, জেলা: রাজশাহী | ফ্ল্যাট নং-বি-২, ১/১০ ব্লক# বি, লালমাটিয়া ঢাকা-১২০৭<br>মোবাইল নম্বর: ০১৭৪০৬১৫৭২০ | দি লিগ্যাল সলিউশনস, ফ্ল্যাট নং-৭০২ (৭ম তলা), ২৪/ডি তোপখানা রোড, সেগুনবাগিচা, ঢাকা |
| ৩ | জনাব মোহাম্মদ ইসমাইল হোসেন<br>পিতার নাম: মজিবুল হক<br>মাতার নাম: সাহেরা খাতুন<br>এনআইডি: ৩৭৪১৪৫৪১৩০ | গ্রাম: চর বামনী, ডাকঘর: উলফৎনগর, থানা: রায়পুর, জেলা: লক্ষীপুর | ফ্ল্যাট নং-ডি/৩, সেগুনবাগিচা অ্যাপার্টমেন্ট কমপ্লেক্স, ১১৮ কাকরাইল, ঢাকা<br>মোবাইল নম্বর: ০১৭১৩০৭২৯৯৮ | ৪/১০ ইস্টার্ন কমার্শিয়াল কমপ্লেক্স, ৭৩ কাকরাইল, ঢাকা |
| ৪ | মিজ্ কামরুন নেছা<br>পিতার নাম: আব্দুল বারী ভূঞা<br>মাতার নাম: মেহেরুন নেছা খানম<br>এনআইডি: ৭৩২৪৬১১৯০৯ | গ্রাম- সাহেদারগাঁও, থানা: মনোহরদী, জেলা: নরসিংদী, | বাড়ী নং-১৯৫/৪, ২য় তলা, শান্তিবাগ, ঢাকা-১২১৭<br>মোবাইল নম্বর: ০১৭১৫৮৯৫৫৪৬ | রুম নং-৫০০৪(৪র্থ তলা), এনেক্স ভবন, সুপ্রীম কোর্ট বার সমিতি ভবন, ঢাকা-১০০০ |
| ৫ | জনাব মোঃ রাজু মিয়া<br>পিতার নাম: মোঃ রোস্তম আলী<br>মাতার নাম: আতফজান বেগম<br>এনআইডি: ৩৭০৫২৪৮৬৬৮ | গ্রাম: পলাশবাড়ী, ডাকঘর: খলিলগঞ্জ, থানা: কুড়িগ্রাম সদর, জেলা: কুড়িগ্রাম | মেট্রো নিলয় ফ্লাট ২বি, ২ নর্থ সার্কুলার রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫<br>মোবাইল নম্বর: ০১৭২৫২৩০৫৩৫ | বে অব বেঙ্গল, ইস্টান মেনশন, স্যুট নং-৫, লেভেল-৫, ৬৭/৯ পিউনিয়ার রোড, কাকরাইল, ঢাকা-১০০০ |

স্বাঃ

(মোঃ হাসান মারুফ)
মহাপরিচালক
☏+৮৮০২-২২৬৬৬৪৪০০
✉dg@dnc.gov.bd

১৯শে শ্রাবণ ১৪৩৩

নম্বর: ৫৮.০২.০০০০.০০৬.০৪.০৫০.২৫-২৯৮৫ (১/১৮০) তারিখ:............................

০৩রা আগস্ট ২০২৬

**অনুলিপি সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

০২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

০৩. সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

০৪. পরিচালক (প্রশাসন/অপারেশনস/ চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা-১০০০

০৫. চীফ কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা

০৬. প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা

০৭. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

০৮. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক..............................................................................................................

০৯. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা-১০০০

১০. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়(সকল)...................................................................

১১. উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/মেট্রোঃ উপ-অঞ্চল (সকল)..........................................

১২. উপ-পরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয় (সকল)......................................................

১৩. নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা-১০০০

১৪. সিনিয়র কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, আঞ্চলিক মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী/খুলনা/ চট্টগ্রাম

১৫. প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা-১০০০ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

১৬. সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা-১০০০

১৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা..............................................................................................................

১৮. জনাব..............................................................................................................................

..........................................................................................................................................

১৯. অফিস কপি/গার্ড ফাইল

০৩/০৮/২০২৬

(মোঃ হাসান মারুফ)
মহাপরিচালক